



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

ই-মেইল: registrar@cou.ac.bd, website: cou.ac.bd, ফোন: ০২৩৩৪৪১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭

স্মারক নং- কু.বি./রেজি./ছাত্র-ছাত্রী ভর্তি-১৯৮/২০০৯ (অংশ-১৪)/১৩৯৯

তারিখ: ০৩/১০/২০২৪খ্রি:

A, B এবং C- ইউনিটে (সাধারণ ও কোটা) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির A, B এবং C- ইউনিটে (সাধারণ ও কোটা) প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীগণ আগামী ২০ অক্টোবর ২০২৪ তারিখ থেকে ২৪ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে চূড়ান্ত ভর্তির জন্য সংশ্লিষ্ট অনুসদ থেকে অফিস চলাকালীন সময়ে (৯.৩০-৪.০০ টা এর মধ্যে) সশরীরে উপস্থিত হয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

(ক) ভর্তির জন্য পূরণকৃত ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে।

১. ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি প্রদর্শন সাপেক্ষে উহার এক কপি ফটোকপি।

২. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল সনদ। তবে, যে সকল শিক্ষার্থী GST অন্তর্ভুক্ত অত্র/অন্য কোন বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি নিশ্চিত করেছে, সেসকল শিক্ষার্থী জমাদানের মূল প্রত্যয়নপত্র প্রদর্শন সাপেক্ষে ফটোকপি, মূল নম্বরপত্রের ফটোকপি ও মূল সনদের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

৩. সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৪ (চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সাক্ষাৎকার ০৬-০৭ অক্টোবর-২০২৪ তারিখ অফিস চলাকালীন সময় (৯.৩০-৪.০০ টা এর মধ্যে)। সাক্ষাৎকারের সময় কোটা সংশ্লিষ্ট মূল সনদসমূহ জমা দিতে হবে।

(গ) ভর্তি ফি বাবদ- এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য GST গুচ্ছভুক্ত ভর্তি প্রক্রিয়ায় প্রদানকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বাদে ভর্তির জন্য ১৪,৬০০-৫,০০০=৯,৬০০/- + অনুসদ কর্তৃক নির্ধারিত ফি+ বিভাগ কর্তৃক নির্ধারিত ফি প্রদান করতে হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.cou.ac.bd এবং GST- এর ওয়েবসাইট <https://gstadmission.ac.bd/> ভিজিট করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য সংশোধন, সংযোজন, পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

(ঘ) ক্লাস শুরুর তারিখ: ২৭/১০/২০২৪ইং, রোজ: রবিবার।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-

(মোঃ মজিবুর রহমান মজুমদার)

রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। ডিন (বিজ্ঞান/কলা ও মানবিক/সামাজিক বিজ্ঞান/আইন/প্রকৌশল/বিজনেস স্টাডিজ) অনুসদ, কু.বি।

২। বিভাগীয় প্রধান/ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান (গণিত/পদার্থবিজ্ঞান/পরিসংখ্যান/রসায়ন/ফার্মেসী/ইংরেজি/বাংলা/অর্থনীতি/লোক প্রশাসন/নৃবিজ্ঞান/প্রত্নতত্ত্ব/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/ব্যবস্থাপনা শিক্ষা/এআইএস/মার্কেটিং/ফিন্যান্স এন্ড ব্যাংকিং/সিএসই/আইসিটি/আইন) বিভাগ, কু.বি।

৩। প্রক্টর, কু.বি।

৪। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, কু.বি।

৫। পরীক্ষা নিয়ন্ত্রক, কু.বি।

৬। জনাব মোঃ নাছির উদ্দিন, উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, কু.বি।

৭। জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে), কু.বি।

৮। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি।

৯। পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি।

১০। পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি।

১১। অফিস কপি।